দৈনিক বাংলা

তারিখ 17 MAY 1995
পৃষ্ঠা ৩ কলাম ৪

# 'এনসাইক্লোপেডিয়া ব্রিটানিকা' বিক্রি করে দেয়া হবে

নিউইয়র্ক, ১৬ মে (এপি)।– ইংরেজী ভাষায় প্রকাশিত সবচেয়ে 'পুরনো বিশ্বকোষ 'এনসাইক্লোপেডিয়া ব্রিটানিকা' বিক্রি করে দেয়া হবে। এটি ৫০ কোটি ডলারে বিক্রি হতে পারে। বিশ্বকোষটি ২২৬ বছরের পুরানো।

ব্রিটানিকা এ ব্যাপারে সহায়তা করার জন্য লাজার্ড ফ্রেরেস বিনিয়োগ প্রতিষ্ঠানকে ভাড়া করেছে। লাজার্ড ব্রিটানিকার জন্য ক্রেতা খুঁজে দেবে। মঙ্গলবার দি নিউইয়র্ক টাইমস এই রিপোর্ট প্রকাশ করেছে।

টাইমস-এর রিপোর্টে বলা হয়, গত তিন বছর ধরে শিকাগো ভিত্তিক এই প্রতিষ্ঠানটি অর্থনৈতিকভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে। ফলে ব্রিটানিকাকে হয় বাইরে কোন বিনিয়োগকারী খুঁজে নিতে হবে, নয়ত বিক্রি করে দিতে হবে।

এর মধ্যে সিমন এ্যান্ড সুসটার কে-ও কমিউনিকেশন, মাইক্রোসফট এর মত প্রতিষ্ঠান ব্রিটানিকার ব্যাপারে আগ্রহ প্রকাশ করেছে।